

নৈতিকতা কমিটির সভার (৩য় কোয়ার্টার) কার্যবিবরণী:

সভাপতি	মোঃ আব্বাছ আলী সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ।
সভার তারিখ	২১.০১.২০২৩খ্রি.
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকায়
স্থান	সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ-এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত নৈতিকতা কমিটি সভার কার্যক্রম শুরু করেন। ২ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত দ্বিতীয় ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের একটি প্রতিবেদন জনাব রেজাউল হক, সদস্য সচিব সভায় পেশ করেন। অতঃপর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কর্মপরিকল্পনার সূচকসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন-অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা	২০২২-২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভার ১৮টি সিদ্ধান্ত সফলভাবে বাস্তবায়নের জন্য সন্তোষ প্রকাশ করা হয়	
	১) যথাযোগ্য মর্যাদায় ৬ষ্ঠ জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ সম্পন্ন করার লক্ষ্যে “৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস”-এর জাতীয় কমিটি এবং জেলা কমিটির প্রস্তুতিমূলক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	২) গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ যথাযথভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্য মাত্রা অনুযায়ী [২.১.১] পুস্তক সংগ্রহ ও সম্পাদনের নিমিত্ত গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
	৪) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে সূশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়	
	৫) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শূদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা এবং তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত বিস্তারিত আলোচনা	৬) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে তথ্য বাতায়ন হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয় ৭) ২৫ মার্চ, ২০২৩ মধ্যে তৃতীয় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ৮) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে তৃতীয় ত্রৈমাসিক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ৯) তৃতীয় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১০) ২৯ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ১১) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে [১.১] অনিক ও আপিল কর্মকর্তা তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে সিদ্ধান্ত গৃহীত হয় ১২) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে [২.২] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৩) [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির সুনিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৪) ২৫ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের নিমিত্ত প্রচার কার্যক্রম সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ১৫) ৩০ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য সেবাবক্সে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক ও কর্মকর্তা- কর্মচারীগণ

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আব্বাছ আলী

স্মারক নম্বর: ৪৩.২৬.৬১০০.০০০.০৫.০০২.১৯.৪১

তারিখ: ১৪ মাঘ ১৪২৯  
২৮ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :- :

- ১) পরিচালক , পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) অফিস কপি।



মোঃ আব্বাছ আলী  
সহকারী পরিচালক